



প্রিয় পিতামাতা অথবা অভিভাবক:

প্রতিবছর, আপনার স্কুল নার্সের নতুন ডায়াবেটিস ফর্ম দরকার যা আপনি এবং আপনার সন্তানের ডাক্তার কর্তৃক পূরণ ও স্বাক্ষরকৃত হতে হবে। হালানাগাদকৃত তথ্য স্কুল নার্সকে জানিয়ে দেয় গত বছরে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনার সন্তানের ওষুধ অথবা চিকিৎসায় কোন পরিবর্তন করেছেন কি না। আপনার সন্তানকে সঠিক চিকিৎসাদানে স্কুল নার্সের এই তথ্যগুলি দরকার।

2020-2021-এর ডায়াবেটিস ফর্মগুলি এখানে সংযুক্ত আছে। অনুগ্রহ করে যথাসম্ভব তাড়াতাড়ি এই ফর্মগুলি জমা দিন।” ডায়াবেটিস মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফর্ম (MAF) 1 জুন, 2020 তারিখের মধ্যে অথবা যথাশীঘ্র সম্ভব জমাদানের পরামর্শ দেয়া হচ্ছে। এতে আপনার সন্তান যাতে 2020 সালের সেপ্টেম্বরে স্কুল বছরের শুরুতেই অনুমোদিত পরিষেবা লাভ করে সে বিষয়টি নিশ্চিত করতে স্কুল হেলথ-এর চিকিৎসক ফর্মটি পর্যালোচনা করতে সময় পাবেন। আপনার ডাক্তার এই ডায়াবেটিস ফর্মটি পূরণ করে দেবার পর, অনুগ্রহ করে তার সঠিক পরিচয় নিশ্চিত করার জন্য ফর্মের বাঁ পাশের উপরের কোণায় একটি ছোট ফটো লাগিয়ে দিন।

ডায়াবেটিস মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফর্মটি ডাকযোগে নিচের ঠিকানায় পাঠিয়ে দিন:

DMAF Coordinator
New York City Department of Health & Mental Hygiene
Office of School Health
Gotham Center
42-09 28th Street, CN-25
Queens, New York 11101-4714

অথবা আপনি ফর্মটি 347-396-8945 অথবা 347-396-8932 নম্বরে ফ্যাক্স করতে পারেন। ফর্মের উভয় পৃষ্ঠা ফ্যাক্স করেছেন, সেটা অনুগ্রহ করে নিশ্চিত করবেন।

আপনার সন্তানের যদি স্কুল ভিত্তিক 504 বিশেষ ব্যবস্থা পরিকল্পনাও থাকে, আপনাকে পরামর্শ দেয়া হচ্ছে, আপনার 504 নবায়নের আবেদনটি আপনার স্কুলের 504 কোঅর্ডিনেটরের কাছে যথাশীঘ্র জমা দেবেন। আপনার সন্তানের জন্য যথাযথ ব্যবস্থা প্রদান করা হচ্ছে, সেটা নিশ্চিত করতে 504 টিম-এর জন্য এ তথ্য প্রয়োজন। এর ফলে স্কুল বছর শুরুর আগে 504 টিম মিটিং আয়োজন করতে এবং 2019-20 শিক্ষা বছরের জন্য একটি বিশেষ ব্যবস্থা পরিকল্পনা প্রস্তুত রাখতে সক্ষম হবে।

আপনার যদি কোন প্রশ্ন থাকে, দয়া করে আপনার স্কুল 504 কোঅর্ডিনেটরের সাথে কথা বলুন অথবা 718-310-2405 নম্বরে ফোন করুন।

আপনাকে ধন্যবাদ,

ড. শেরিল লরেন্স (Dr. Cheryl Lawrence)

মেডিক্যাল ডিরেক্টর

অফিস অভ স্কুল হেলথ